


পদ্মার এপারের বিদ্যুৎ

# ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

(An Enterprise of Bangladesh Power Development Board)

প্রথম বর্ষ | ১ম সংখ্যা | জুলাই-সেপ্টেম্বর ২০১৭



## স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকী পালন




*স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে অনুষ্ঠিত শোক র‍্যালির অংশ।*

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস-২০১৭ পালন উপলক্ষ্যে ওজোপাডিকোর সদর দপ্তরসহ এর আওতাধীন দপ্তরসমূহে ১৫ আগস্ট বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। সকাল ৮.০০ ঘটিকায় বিদ্যুৎ ভবন চত্বরে খুলনা শহরস্থ সকল শ্রেনীর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ একত্রিত হয়ে বিদ্যুৎ ভবন চত্বর হতে শোক র‍্যালি শুরু হয় এবং বাংলাদেশ বেতার, খুলনা, ক্যাম্পাসে অবস্থিত জাতির জনকের প্রতিকৃতিতে পুস্প্যমাল্য অর্পন করা হয়। জোহরবাদ সদর দপ্তরে আলোচনা সভা এবং দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। দোয়া ও মিলাদ মাহফিল শেষে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন এতিম ও দুঃস্থদের মধ্যে খাবার বিতরণ করেন। উক্ত অনুষ্ঠানে ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) মোঃ হাসান আলী তালুকদার, ওজোপাডিকো বিদ্যুৎ শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-বি-২১৩৮(সিবিএ)-র কেন্দ্রীয় নেতৃবৃন্দ, ওজোপাডিকো শ্রমিক কর্মচারী লীগ, রেজিঃ নং-বি-২১৩৫-এর কেন্দ্রীয় নেতৃবৃন্দসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন । এছাড়া ১৬ আগষ্ট জোহরবাদ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের সদস্যসহ অন্যান্য সকল শাহাদত বরণকারীদের আত্মার মাগফিরাত কামনায় ওজোপাডিকো'র সকল দপ্তরের মসজিদ সমূহে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

## ওজোপাডিকোর চলমান উন্নয়ন কার্যক্রম



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো) গঠনের পূর্বে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর আওতায় দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১টি জেলার সদর উপজেলা ও অন্যান্য ২০টি উপজেলার সিটি কর্পোরেশন/পৌর এলাকায় বিদ্যুৎ বিতরণ কর্মকান্ডে

*বাকী অংশ ৩য় পাতায়*

## ওজোপাডিকো'র চেয়ারম্যান হিসেবে মোছাঃ মাকছুদা খাতুন এর দায়িত্ব গ্রহণ



*ওজোপাডিকো'র নবনিযুক্ত চেয়ারম্যান মোছাঃ মাকছুদা খাতুন-কে বোর্ডের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন।*

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব মোছাঃ মাকছুদা খাতুন গত ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)-এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

## জাতীয় বৃক্ষরোপন কর্মসুচী উদ্‌যাপন



*ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন গত ৭ জুলাই সদরপুর বিদ্যুৎ দপ্তরে বৃক্ষরোপন কর্মসূচী উদ্বোধন করেন।*

জাতীয় বৃক্ষরোপন অভিযান এবং পরিবেশ মেলা ও বৃক্ষমেলা-২০১৭ উদ্‌যাপন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলা এবং সামাজিক বনায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার নিমিত্ত ওজোপাডিকোর স্থাপনা এবং অফিস সমূহের খালি জায়গায় চলতি বর্ষা মৌসুমে ১০২০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন কার্যক্রম সম্পন্ন করা হয়। ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন বিভিন্ন দপ্তরে উপস্থিত থেকে বৃক্ষরোপন কর্মসূচী উদ্বোধন করেন।



## বাণী


**মোছাঃ মাকছুদা খাতুন**
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) "ওজোপাডিকো বার্তা" প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

ওজোপাডিকো গঠনের পর থেকে পরিচালনা পর্ষদ-এর সঠিক পরিকল্পনা প্রনয়ণ ও দিকনির্দেশনা এবং ওজোপাডিকো'র সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টায় সিস্টেম লস হ্রাসসহ সার্বিক সূচকে প্রভূত উন্নতি সাধন করেছে।

"ওজোপাডিকো বার্তা" প্রকাশের মাধ্যমে সরকার তথা ওজোপাডিকো'র ভবিষ্যৎ পরিকল্পনাসহ সার্বিক কর্মকান্ড জানা যাবে এবং বিদ্যুৎ সেবার মান বৃদ্ধিতে সহায়ক হবে। ওজোপাডিকো'র সকল স্তরের কর্মীদের মধ্যে সৃজনশীল লেখা ও সাহিত্যচর্চার বিকাশ ঘটবে যা সকলের মাঝে কর্মচাঞ্চল্য বৃদ্ধিসহ আনন্দের খোরাক যোগাবে। এছাড়া রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' গড়া এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' বিষয়ে জনগণের সচেতন করায় ভূমিকা রাখবে।

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর "ওজোপাডিকো বার্তা" প্রকাশের এ মহান উদ্যোগের সার্বিক সফলতা কামনা করি।

ওজোপাডিকো বিদ্যুৎ বার্তা প্রকাশনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে ওজোপাডিকো'র পরিচালনা পর্ষদ এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

## খুলনাবাসীর দীর্ঘদিনের স্বপ্ন রূপসা নদীর তলদেশে সাবমেরিন ক্যাবল স্থাপন




*ওজোপাডিকো'র বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প কর্তৃক রূপসা নদীর তলদেশে সাবমেরিন কেবল স্থাপন করা হয়েছে।*

রূপসা নদীর পূর্বপার্শ্বের বিদ্যুৎ গ্রাহকদের দীর্ঘদিনের প্রত্যাশার প্রেক্ষিতে মানসম্মত বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে ওজোপাডিকো'র বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প কর্তৃক রূপসা নদীর তলদেশে সাবমেরিন কেবল স্থাপন করা হয়েছে। রূপসা নদীর পশ্চিম প্রান্তে অবস্থিত ৩৩/১১ কেভি লবনচরা উপকেন্দ্র হতে বহির্গত ৩৩ কেভি লাইন সাবমেরিন কেবলের মাধ্যমে রূপসা নদী অতিক্রম করেছে। নদীর তলদেশ দিয়ে সাবমেরিন কেবল স্থাপন করায় ২০ কিঃমিঃ দুরত্ব কমেছে অন্যদিকে বিদ্যুতেরও সাশ্রয় হয়েছে। সর্বোপরি শিল্প, কলকারখানাসহ গ্রাহকগণের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা পাওয়ার পথ সুগম হয়েছে। ইতোপূর্বে রিভার ক্রসিং লাইনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করায় অনেক সময় জাহাজের মাস্তুলের আঘাত, প্রাকৃতিক দুর্যোগ, ঝড়বৃষ্টি ইত্যাদি কারণে কেবল ছিঁড়ে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে যেতো যা সংস্কার করে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা স্বাভাবিক করতে অনেক সময় ক্ষেপন হতো। এতে মৎস্য কোম্পানিগুলোর হিমায়িত মৎস্য প্রক্রিয়াজাতকরণে ব্যঘাত সৃষ্টিসহ আবাসিক গ্রাহকগণ ভোগান্তির স্বীকার হতো। পূর্ব রূপসার গ্রাহকগণের দীর্ঘদিনের দাবী পূরণ হওয়ায় মৎস্য কোম্পানিসহ অন্যান্য শিল্প কারখানা ও আবাসিক গ্রাহকগণ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পেতে আর অসুবিধা হবেনা। রূপসা নদীর তলদেশে সাবমেরিন ক্যাবল স্থাপন হওয়ায় মৎস্যসহ অন্যান্য শিল্পগুলোর রপ্তানী যেমন স্বাভাবিক থাকবে তেমনি বিদ্যুৎ বিভ্রাটের কারণে উৎপাদন ব্যহত হবেনা। ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শফিকউদ্দিন বলেন যে, পদ্মা সেতু চালু হলে খুলনাঞ্চলে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাবে। সেক্ষেত্রে খুলনায় নতুন নতুন শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠবে। বর্তমানে ৬.৫ মেঃওঃ বিদ্যুৎ পূর্ব রূপসায় দুটি ফিডারে ব্যবহৃত হলেও সাবমেরিন ক্যাবলের মাধ্যমে অন্ততঃ ২০ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে বলেও তিনি জানান। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় রূপসা নদীর তলদেশে ৩৩ কেভি সাবমেরিন কেবল স্থাপিত হয়েছে। অপরদিকে বেশকিছু প্রকল্পের মাধ্যমে ওজোপাডিকো'র সার্বিক উন্নয়ন কার্যক্রম এগিয়ে যাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী "শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" এ স্লোগান বাস্তবায়নের অংশ বলেও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জানান।

## ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট-এর আধুনিকায়ন এবং সংস্কার কার্যক্রমের উদ্বোধন



*ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট-এর আধুনিকায়ন এবং সংস্কার কার্যক্রমের উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন।*

প্রশিক্ষণের মাধ্যমে ওজোপাডিকোতে দক্ষ জনবল সৃষ্টি, দুর্নীতিমুক্ত প্রশাসন, শুদ্ধাচার বাস্তবায়ন ও ওজোপাডিকোকে একটি আধুনিক ও যুগোপযুগী সেবা প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষে "ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট" নামে প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে কর্মকর্তা-কর্মচারীদের দক্ষ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। গত ১ সেপ্টেম্বর তারিখে ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট এর প্রধান গেট নির্মান, শোভা বর্ধন, আধুনিকায়ন ও উন্নয়ন কাজের উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কোম্পানি সচিব, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট এর নির্বাহী প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

# ওজোপাডিকোর চলমান উন্নয়ন..

*(১ম পাতার পর)*

নিয়োজিত ছিল। পরবর্তীতে ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী অত্র কোম্পানি গঠণ করা হয়। ২০০৫ সালের ২৩শে মার্চ বাবিউবো'র সাথে বিদ্যুৎ বিক্রয় চুক্তি (Power Sales Agreement) ও ভোক্তা চুক্তির (Vendor Agreement) মাধ্যমে ২০০৫ সালের ১লা এপ্রিল হতে বাণিজ্যিক কর্মকান্ড শুরু করে। উক্ত সময়ে ওজোপাডিকো এলাকায় ৫ শহর বিবি প্রকল্প ও বৃহত্তর খুলনা বিদ্যুৎ বিতরণ প্রকল্প চালু ছিল। পরবর্তীতে ২১ জেলা বিদ্যুৎ বিতরণ প্রকল্প ২০১১-২০১৫ মেয়াদে সম্পাদিত হয়।

* বর্তমানে ওজোপাডিকো এলাকায় ৬৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র রয়েছে যার ক্ষমতা ১৬১০ এমভিএ।

* বিতরণ ট্রান্সফরমার রয়েছে ৬৬৫২ টি।


* বিতরণ লাইন ১১,০৬৯ কিঃমিঃ।

বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় সরকারের "ভিশন-২০২১", ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন ও SDG (টেকসই উন্নয়ন লক্ষ্য) অর্জনের লক্ষ্যে ওজোপাডিকো ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। বর্তমানে ওজোপাডিকো নিম্নোক্ত প্রকল্প গ্রহণ করেছে। সুষ্ঠু বিতরণ ব্যবস্থাপনার মাধ্যমে মান সম্পন্ন বিদ্যুৎ নিরবিচ্ছিন্নভাবে ওজোপাডিকো এলাকায় সকল গ্রাহকের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যকে সামনে রেখে ওজোপাডিকো এ সকল পরিকল্পনা গ্রহণ করেছে।

নিম্নে বিভিন্ন প্রকল্প ভিত্তিক বিবরণ বর্ণনা করা হলোঃ

## ওজোপাডিকো এলাকায় চলমান প্রকল্পের বিবরণঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রকল্পের লক্ষ্য/বিভিন্ন অঙ্গের বিবরণ |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প | ০১.০৭.২০১৪ ইং হতে ৩০.০৬.২০১৮ ইং পর্যন্ত | • নতুন লাইন নির্মান/পুনর্বাসনঃ ১৮৫৮ কিঃমিঃ<br>• বিতরণ ট্রান্সফরমার স্থাপনঃ ২১০০ টি<br>• নতুন উপকেন্দ্র নির্মানঃ ৩ টি<br>• উপকেন্দ্র পুনর্বাসনঃ ১১ টি |
| ০২ | প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর খুলনা সিটি ফেজ-০১ | ০১.০৭.২০১৪ ইং হতে ৩১.১২.২০১৭ ইং পর্যন্ত | • সিঙ্গেল ফেইজ মিটার স্থাপনঃ ৬১০০০ টি<br>• থ্রি-ফেইজ মিটার স্থাপনঃ ২০০০ টি |
| ০৩ | ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও আপগ্রেডেশন প্রকল্প | ০১.০৭.২০১৬ ইং হতে ৩০.০৬.২০১৯ ইং পর্যন্ত | • নতুন লাইন নির্মান/পুনর্বাসনঃ ১১১৬ কিঃমিঃ<br>• বিতরণ ট্রান্সফরমার স্থাপনঃ ১৭২২ টি<br>• নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মানঃ ৩১ টি<br>• ৩৩/১১ কেভি উপকেন্দ্র পুনর্বাসনঃ ৩২ টি |



## ওজোপাডিকো'র ISO 9001 : 2008 সনদ অর্জন


Certificate BD17/05597

The management system of

West Zone Power Distribution Co. Ltd.

Biddyut Bhaban, 35 Boyra Main Road, Khulna- 9000, Bangladesh

has been assessed and certified as meeting the requirements of

ISO 9001:2008

For the following activities

Electricity distribution Management.

This certificate is valid from 29 June 2017 until 14 September 2018 and remains valid subject to satisfactory surveillance audits. Re certification audit due before 14 August 2018 Issue 1. Certified since 29 June 2017

Authorised by



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নীতিমালা অনুযায়ী অনুমোদিত শিল্প কারখানাসহ সেবামূলক প্রতিষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনা ও সেবার মান সম্পর্কে International Organization for Standardization (ISO) সনদ অর্জন করার নিয়ম আছে। এলক্ষ্যে International Organization for Standardization (ISO) কর্তৃক প্রশিক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষা শেষে ২৯ জুন ২০১৭ থেকে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ ISO 9001 : 2008 সনদ অর্জন করেছে। উক্ত সনদের প্রত্যেকটি মান প্রতিটি শিল্পের মধ্যে তার সুবিধাগুলো নিশ্চিত করে, তবে সনদের মধ্যে যে সব সাধারণ সুবিধা অর্জিত হয় তাহলো বিস্তৃত বাজারের সম্ভাব্যতা,মালামাল বা সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্রসমূহের জন্য প্রযোজ্য প্রয়োজনীয়তা পূরণ করা, উন্নত দক্ষতা অর্জন এবং সংস্কার ব্যয় হ্রাস, উচ্চতর স্তরের গ্রাহক পরিসেবা ও সন্তোষ্টি নিশ্চিত করা এবং কর্মীদের নৈতিক উন্নয়ন সাধন এবং প্রেষণা প্রদান। ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এ একটি স্বীকৃত পরিচালন মান থাকার মাধ্যমে এটি গ্রাহকদেরকে এরূপ বার্তা দেয় যে, প্রতিষ্ঠান তাদের চাহিদাগুলো সম্পর্কে অধিকতর গুরুত্ব দেয়।




## জাতীয় শুদ্ধাচার কৌশলে নৈতিকতার উন্নয়ন



**আবদুল মোতালেব**
এফসিএমএ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সোনার বাংলা গড়ার প্রত্যয়ে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসহ সর্বক্ষেত্রে দূর্নীতিমুক্ত ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) প্রণয়ন ও বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহণ করেছে।

### জাতীয় শুদ্ধাচার কৌশলে নৈতিকতার উন্নয়ন ঃ

- নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং
- সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য

- ব্যক্তি পর্যায়ে এর অর্থ হচ্ছে কর্তব্যনিষ্ঠা ও সততা;
- প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার হচ্ছে প্রাতিষ্ঠানিক নীতি, ব্যবস্থা ও কার্যপদ্ধতির যথাযথ অনুশীলন;
- ব্যক্তির সমষ্টিতেই প্রতিষ্ঠান সৃষ্টি; প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার অনুশীলন গুরুত্বপূর্ণ;
- সমন্বিত আকারে প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার অনুশীলনও জরুরি;

সরকারের এ মহান পরিকল্পনার সাথে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের অংশ হিসেবে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এ দূর্নীতিমুক্ত প্রশাসন ও সততার সাথে সর্বোচ্চ সেবামূলক প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠার প্রয়োজনীয় কার্যক্রম শুরু করেছে। যার অংশ হিসেবে ওজোপাডিকো'র স্মারক নং-২৩৪৩ তারিখ-০৭/০৮/২০১৭ মোতাবেক নিম্নোক্ত সার্কুলার জারী করেছে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সোনার বাংলা গড়ার প্রত্যয়ে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসহ সর্বক্ষেত্রে দূর্নীতিমুক্ত ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) প্রণয়ন ও বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহণ করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়েছে। মাঠ পর্যায়ে কার্যালয়ের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি, সততা ও নিষ্ঠার সাথে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য বর্তমান সরকারের নির্দেশনা রয়েছে। উল্লেখ্য, শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় সরকারি কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রমও অন্তর্ভূক্ত করা হয়েছে। বিদ্যুৎ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'পাওয়ার সিস্টেম মাষ্টার প্ল্যান-২০১৬' প্রণয়ন করেছে। উক্ত প্ল্যান অনুযায়ী ২০২১ সালের মধ্যে ২৪ হাজার মেগাওয়াট, ২০৩০ সাল নাগাদ ৪০ হাজার মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন এবং প্রায় ১০ হাজার সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন এবং প্রায় ০১ লাখ ৫০ হাজার কিলোমিটার বিতরণ লাইন নির্মানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সরকারের এ মহাপরিকল্পনার অংশ হিসেবে বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও আধুনিকায়নসহ বিদ্যুৎ সেবার সার্বিক মান বৃদ্ধির লক্ষ্যে ওজোপাডিকোতে ০৩ (তিন) টি চলমান প্রকল্পসহ আরো কয়েকটি নতুন প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। চলমান প্রকল্পসহ নতুন প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হলে ওজোপাডিকো এলাকায় বিদ্যুৎ গ্রাহকগণকে গুণগত মানসম্পন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সেবা প্রদানের মাধ্যমে কাংখিত আর্থিক, সামাজিক ও জনকল্যাণ সাধন করে ওজোপাডিকো বাংলাদেশের একটি আদর্শ ও সর্বশ্রেষ্ঠ বিদ্যুৎ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হবে।

বর্তমান সরকারের সার্বিক উন্নয়নের চলমান এ ধারাকে আরো টেকসই ও গতিশীল করাসহ ওজোপাডিকো'র সম্মানীত গ্রাহকগণকে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের দূর্নীতি পরিহার ও সুশাসন প্রতিষ্ঠার জন্য কোম্পানির সকল নিয়ম কানুন যথাযথভাবে অনুসরন করার জন্য অনুরোধ করা হলো। যাতে করে দক্ষতা, নিষ্ঠা, সততা ও কোম্পানির সকল নিয়ম কানুন যথাযথভাবে অনুসরন করে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনের মাধ্যমে বর্তমান সরকারের গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' বাস্তবায়নে আমরাও অংশীদার হতে পারি। আশা করি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের মাধ্যমে আমরা সকলে পুরস্কার প্রাপ্তির যোগ্যতা অর্জন করতে পারবো।

ওজোপাডিকো'র প্রতিটি দপ্তরের স্লোগান হোক **'আমি ও আমার অফিস দূর্নীতিমুক্ত'।**

*কোম্পানি সচিব, ওজোপাডিকো, খুলনা।

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-৪১-৮১১৫৭৩, ৮১১৫৭৪, ৮১১৫৭৫, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com, web: www.wzpdcl.org.bd

মু: **গ্লোরি,** খুলনা ☏০১৭১১ ২৯ ৬৬ ১৯